



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোর্ডি/পনি/পরী:/২০১৯/৩০০৫(০৬)

তারিখ : ২০/০৪/২০১৯ খ্রি.

বিষয় : ২০১৯ সালের এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্রের সিকিউরিটি খাম ও প্যাকেট খোলার সময় সংশ্লিষ্ট দিনের (সকাল/বিকাল) প্রশ্নপত্র সম্পর্কে নিশ্চিত হওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের এইচএসসি পরীক্ষার প্রতিদিনের এবং প্রতিবেলার (সকাল/বিকাল) প্রশ্নপত্রের সিকিউরিটি খাম খুলে প্যাকেটসমূহ বের করার পর উক্ত প্যাকেটসমূহ ঐ দিনের পরীক্ষার বিষয়ের ও কোডের প্যাকেট কি-না তা যাচাই করার পর প্রতিটি প্যাকেট খুলে একটি প্রশ্নের মাথা প্যাকেট থেকে সামান্য বের করে ঐ প্রশ্নপত্রটি ঐ দিনের পরীক্ষার বিষয় ও কোডের কি-না তা নিজে দেখে তারপর কক্ষ ভিত্তিক প্রশ্নপত্র বিভাজনকারীদের হাতে দেয়ার জন্য অনুরোধ করা হলো।

যদি কোন প্যাকেট থেকে একটি প্রশ্নের মাথা বের করে দেখা যায় যে, উক্ত প্রশ্নটি ঐ দিনের পরীক্ষার বিষয় ও কোডের নয়, তাহলে ঐ প্যাকেটটি ঐ মুহূর্তেই ট্যাগ অফিসারের সামনে সিল-গালাসহ বন্ধ করে আলমারির ভিতর রেখে আপনার উপজেলার উপজেলা নির্বাহী অফিসার অথবা জেলা সদরের ক্ষেত্রে জেলা প্রশাসক মহোদয় এবং নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত করতে হবে।

ভারপ্রাপ্ত কর্মকর্তা

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন

সকল এইচএসসি পরীক্ষা কেন্দ্র।

প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ-

- ০১। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ০৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০৪। অফিস কপি।